

শিশির ভট্টাচার্য্য

ফরাসি না-বোধক বাক্যে নামশব্দের বহুবচনীকরণ

‘আমার মতে, ভাষা হচ্ছে সরকারের মতো, যেটি সবচেয়ে কম খেয়ালখুশিমারফিক চলে, সেটি সবচেয়ে ভালো!’  
ভলতেয়ার



ফরাসি ভাষায় বহুবচনে বেশির ভাগ নামশব্দের শেষে {-s} প্রত্যয় যুক্ত হয় (*faute/fautes, fromage/fromages* ইত্যাদি) (১)। যে সব নামশব্দের শেষে {-al} বা {-ail} থাকে সেগুলোর মধ্যে কিছু নামশব্দের (সব শব্দে নয়) বহুবচনে উল্লেখিত অংশটুকু {-aux} দ্বারা প্রতিস্থাপিত হয় (*travail/travaux, vitrail/vitraux* ইত্যাদি)। এছাড়া শেষে eu, eau, au আছে এমন কিছু শব্দের (ব্যতিক্রম আছে) বহুবচনে {-x} যুক্ত হয় (*chateau/chateaux, jeu/jeux, neveu/neveux, tuyau/tuyaux* ইত্যাদি)। অতি সংক্ষেপে এই হচ্ছে ফরাসি ভাষায় বহুবচনীকরণের (Pluralization) নিয়ম।

1. Une lettre sans faute/fautes.

2. Il n'y a pas de fromage/des fromages/de fromages.

বহুবচনীকরণ আমাদের বর্তমান আলোচনার বিষয়বস্তু নয়। আমরা জানতে চাই, ফরাসি না-বোধক বাক্যে নামশব্দের শেষে বহুবচন-দ্যেত্যক প্রত্যয় থাকবে, নাকি একবচনের রূপ ব্যবহৃত হবে, যেমন ধরা যাক, ১ ও ২নং বাক্যে *faute* শব্দের শেষে {-s} প্রত্যয় যুক্ত হবে কি হবে না। অন্যভাবে বললে, কোন রূপটি অধিকতর গ্রহণযোগ্য হবে, ১নং বাক্যে *faute* নাকি *fautes*, ২নং বাক্যে *de fromage, des fromages* নাকি *de fromages*? অথবা, উপরের কার্টুনে যেমনটি আছে, *pas de problèmes/pas de problème*— এই উভয় রূপই কি গ্রহণযোগ্য হবে ?

ফরাসি ভাষায় না-বোধক বাক্যে নামশব্দের বহুবচনের ক্ষেত্রে নিম্নলিখিত প্রবণতা বা নিয়ম লক্ষ্য করা যেতে পারে:

১. কোনো কোনো ক্ষেত্রে একবচন ও বহুবচন উভয়ই গ্রহণযোগ্য

যে সব নাম শব্দ হ্যাঁ-বোধক বাক্যে বহুবচনে ব্যবহৃত হয়ে থাকে বা হতে পারে, না-বোধক বাক্যেও সেগুলো সাধারণত বহুবচনে ব্যবহৃত হয়ে থাকে বা হতে পারে। যেমন, নিচে (৩) নং বাক্যটি (৪) নং বাক্যের তুলনায়

অধিকতর গ্রহণযোগ্য, অর্থাৎ বহুবচনটাই বেশি স্বাভাবিক। এই বাক্যটিকে না-বোধক করা হলে নামশব্দের বহুবচন ও একবচন- এই দুই রূপই গ্রহণযোগ্য হবে (১)। তবে মনে রাখতে হবে যে এ ধরনের ক্ষেত্রে নামশব্দের একবচন রূপ ও বহুবচন রূপের মধ্যে সুক্ষ্ম একটি অর্থগত পার্থক্য আছে। ১নং বাক্যে sans faute কথাটার অর্থ হচ্ছে 'নির্ভুল' বা 'একটিও ভুল ছাড়া' আর sans fautes কথাটার অর্থ হবে শুধুই 'ভুল ছাড়া'।

3. Une lettre avec des fautes.

4. ?Une lettre avec une faute.

একইভাবে sans problèmes/sans problème/pas de problèmes/pas de problème... গ্রহণযোগ্য। কিন্তু ৫নং বাক্যে বহুবচন গ্রহণযোগ্য হবে না, কারণ এখানে ভুল করার কোন অবকাশ নেই। অনেকটা এই কারণে আইনবিষয়ক রচনায় সাধারণত একবচন sans faute ব্যবহৃত হয়।

5. Je viendrai sans faute/~~sans fautes~~!

## ২ পরিগণক+বিশেষণ থাকলে শুধু একবচন গ্রহণযোগ্য

যদি নামশব্দের আগে পরিগণক+বিশেষণ une seule থাকে, তবে হ্যাঁ-বোধক ও না-বোধক- এই উভয় ধরনের বাক্যে নামশব্দের একবচন রূপই ব্যবহৃত হবে (৬-৭), বহুবচন একেবারেই গ্রহণযোগ্য হবে না।

6. Une lettre avec une seule faute.

7. Une lettre sans une seule faute.

## ৩. বিশেষণ থাকলে একবচন ও বহুবচন উভয়ই গ্রহণযোগ্য

যদি নামশব্দের আগে বিশেষণ aucun/aucune/aucuns/aucunes থাকে তবে নামশব্দের একবচন ও বহুবচন এই উভয় রূপই ব্যবহৃত হতে পারে (৮-৯)। তবে আইনবিষয়ক লেখালেখিতে না-বোধক বাক্যে নামশব্দের বহুবচনের ব্যবহারই (sans aucunes fautes) বেশি। বলা বাহুল্য নামশব্দ বহুবচন হলে বিশেষণও বহুবচন হবে।

8. Une lettre sans aucunes fautes/sans aucune faute.

9. Il n'y a aucunes erreurs/aucune faute d'orthographe dans cette lettre.

একইভাবে sans aucun problème/sans aucuns problèmes... গ্রহণযোগ্য হবে।

## ৪. গণন-অযোগ্য বস্তুর ক্ষেত্রে

গণন-অযোগ্য বস্তুদ্যোতক নামশব্দের সাথে (পনির, দুধ, রুটি, আনন্দ ...) সাধারণত বহুবচন ব্যবহৃত হয় না (১০-১১)।

10. Il n'y a pas de fromage

11. Une femme sans charme/~~sans charmes~~.

তবে গণন-অযোগ্য বস্তু যদি প্যাকেটজাত করা হয়, তবে সেগুলো গণনযোগ্য হয়ে পড়ে। সেক্ষেত্রে হ্যাঁ-বোধক ও না-বোধক- এই উভয় ধরনের বাক্যে বহুবচন ব্যবহার করা যায়। উপরে ১০ ও নিচে ১২ এই উভয় বাক্যই গ্রহণযোগ্য, তবে ১০নং বাক্যে পনির গণন-অযোগ্য। এর অর্থ 'রেস্টুরেন্টের মেনুতে বা বাড়ির ফ্রিজে পনির নেই'। ১২নং বাক্যের অর্থ হলো কোনো পনিরের দোকানে যেখানে সারি সারি পনির থাকার কথা, সেখানে একটাও পনির নেই। এটা অনেকটা এরকম যে ফ্রিজ খুলে আপনি বললেন 'একটাও ডিম নেই', আর ডিমের দোকানে ডিম না পেয়ে বললেন: 'আজ ডিম নেই।'

12. Il n'y a pas de fromages.

একইভাবে, Il n'y a pas de chocolat/chocolats, Il n'y a pas de café/café ইত্যাদি

### ৫. একটিমাত্র রূপ গ্রহণযোগ্য, একবচন অথবা বহুবচন

৫ক. অনেক ক্ষেত্রে বহুবচনদ্যোতক প্রত্যয় যুক্ত করার ফলে শব্দের অর্থ বদলে যায় যদিও উচ্চারণ একই থাকে। অন্যভাবে বললে, বহুবচনদ্যোতক প্রত্যয় যুক্ত হবার ফলে সমোচ্চারিত (Homophonous) শব্দে বিসমলিপিতা (Homography এর বিপরীত Polygraphy) সৃষ্টি হয়। ১৩নং বাক্যে intérêts শব্দের অর্থ হচ্ছে 'স্বার্থের উপর প্রদেয় সুদ' আর ১৪নং বাক্যে একই শব্দের এক বচন রূপের অর্থ হচ্ছে 'আগ্রহ বা ভালো দিক'। ১৪নং বাক্যটি 'সুদহীন' অর্থে ব্যবহার করা যাবে না। ১৫নং বাক্যে অবশ্য বোঝার উপায় নেই, intérêt শব্দ দিয়ে 'সুদ' নাকি 'আগ্রহ' বোঝাচ্ছে।

13. Un crédit sans intérêts/~~sans aucuns intérêts~~.

14. Un crédit sans intérêt (un crédit trop cher, par exemple).

15. Un crédit sans aucun intérêt.

### ৫খ. বাস্তব জগতের প্রতিফলন

এক সময় স্যুটকেসে একটি এবং ট্রান্সে দুই পাশে দুইটি হাতল থাকতো বলে স্যুটকেসের ক্ষেত্রে হাতল একবচনে (১৬) এবং ট্রান্সের ক্ষেত্রে হাতল বহুবচনে (১৭) অধিকতর গ্রহণযোগ্য। আজকাল অবশ্য স্যুটকেসে একাধিক হাতল থাকে, কিন্তু একাধিক হাতল ধরে স্যুটকেস কেউ ওঠায় না। ১৮নং বাক্যে ছাদ এবং ১৯নং বাক্যে ইঞ্জিন বহুবচন হবে না, কারণ কোনো বাড়ির সাধারণত একটাই ছাদ থাকে, গাড়ির থাকে একটাই ইঞ্জিন। লক্ষ্যনীয়, পরিগণক বিশেষণ aucun(e) ব্যবহার করলে নামশব্দ অবশ্যই একবচন হবে।

16. Une valise sans poignée/~~poignées~~/~~sans aucune poignée~~.

17. Une malle sans poignées/~~poignée~~/~~sans aucune poignée~~.

18. Une maison sans toit/~~toits~~/~~sans aucun toit~~.

19. Une voiture sans moteur/~~sans moteurs~~/~~sans aucun moteur~~.

## ৫গ. এক জোড়া ব্যবহৃত হয় এমন শব্দের ক্ষেত্রে

কোনো বস্তু এক জোড়া বা একাধিক সংখ্যায় ব্যবহৃত হবার কারণে নিত্য বহুবচন হতে পারে। কোনো ব্যবসায়ীর একাধিক খদ্দের থাকে (২০), কোনো গাছে একাধিক পাতা থাকে (২১), কোনো পাজামায় একাধিক ডোরাকাটা থাকে (২২), মোটর সাইকেল আরোহী একজোড়া দস্তানা ব্যবহার করে (২৩)।

20. Un commerçant sans clients.

21. Un arbre sans feuilles.

22. Un pyjama sans rayures.

23. Il fait de la moto sans gants/~~sans gant~~/ et sans casque/~~sans casques~~.

একইভাবে un chien sans queue et sans oreilles, une voiture sans phares, une moto sans phare, un pantalon sans jambes, une chemise sans collet, une main sans doigts, un violon sans cordes,

৫ঘ. কিন্তু জোড়া বস্তুর ক্ষেত্রে যদি বস্তুটি এক জোড়া ব্যবহৃত না হয়ে একটি মাত্র বস্তু ব্যবহৃত হয় তবে নামশব্দের একবচন গ্রহণযোগ্য হবে। মোটর সাইকেল আরোহী একাধিক হেলমেট ব্যবহার করে না, কিন্তু একাধিক দস্তানা ব্যবহার করে (২৪)। তবে তলোয়ার যুদ্ধে সাধারণত একটিমাত্র দস্তানা ব্যবহৃত হয় (২৫)। মানুষ এক জোড়া বুট পরে, কিন্তু ওভারকোট পরে একটিমাত্র (২)। আকাশে একটিও তারা না থাকতে পারে, আবার যে তারাগুলোকে প্রতিদিন একসাথে দেখা যায়, সেগুলো আবহাওয়ার কারণে এক সাথে অদৃশ্য হতে পারে বলে sans étoile এবং sans étoiles দুই রূপই গ্রহণযোগ্য (২৬)। প্রাণীদের একটি মাত্র খোলস থাকে (সুতরাং carapace), থাকে একাধিক থাবা/নখর (griffes)। প্রশ্ন হতে পারে, প্রাণীদের একাধিক শিঙা থাকে, সুতরাং (ভিক্টর হুগোর রচনায়) corne কেন একবচনে থাকলো (২৮)? এর সম্ভাব্য উত্তর হতে পারে, অক্টোপাসের এক শিঙা থাকা অস্বাভাবিক নয় এবং পুরাণে একশৃঙ্গ প্রাণী ইউনিকর্নের কথাও শোনা যায়।

24. Il fait de la moto sans gants et sans casques.

25. Il fait de l'escrime sans gant/~~sans gants~~.

26. Il a pris froid parce qu'il est sorti sans manteau et sans bottes.

27. Une nuit sans étoile (même pas une seule étoile)/sans étoiles (sans les étoiles qu'on voit d'habitude dans la voute céleste).

28. La pieuvre n'a pas de carapace, pas de griffes, pas de corne.

## ৬. বিশেষণ যুক্ত হলে কোনো কোনো ক্ষেত্রে নামশব্দের একবচন রূপ গ্রহণযোগ্য নয়

29. Je ne veux pas de problèmes insolubles/~~problème insoluble~~.

৭. নামবর্গ বা ক্রিয়াবর্গের প্রসারক (Modifier) হিসেবে ব্যবহৃত পুরসর্গবর্গের পূরক নামশব্দের সাধারণত বহুবচন হয় না

30. sans espoir, sans pitié, sans hâte, sans commentaire, sans condition, sans connaissance, sans contredit, sans défense, sans délai, sans douleur, sans doute, sans encombre, sans façon, sans incident, sans inconvénient, sans interruption, sans précédent, sans preuve, sans raison, sans regret, sans réserve, sans retard, sans retour, sans trêve, sans transition, sans-abri, sans-coeur, sans-emploi, sans-faute, sans-gêne.

সুতরাং *sans commentaires, sans conditions* গ্রহণযোগ্য হবে না।

৮. নিত্য বহুবচন নামশব্দ

31. agissements, appas, archives, annales, armoiries, balayures, braies, brisées, condoléances, confins, déconcombres, dépens, entrailles, environs, épousailles, errements, êtres, fiançailles, floralies, fonts, frais, fringues, funérailles, honoraires, latrines, moeurs, obsèques, ossements, prémices, prolégomènes, retrovailles, semailles, ténèbres, universaux...

সুতরাং *sans agissements, sans honoraires, sans archives...* গ্রহণযোগ্য হবে না। এক্ষেত্রে *aucun/aucune* শব্দটিকেও বহুবচনিত করে ব্যবহার করতে হবে: *sans aucuns agissements, sans aucunes moeurs, sans aucunes archives...*

৯. কিছু শব্দ সাধারণত বহুবচনে ব্যবহৃত হয় (৩২), যদিও একবচন রূপও সম্ভব (৩৩)

32. Elle est restée sans nouvelles/~~sans nouvelle~~.

33. Marie a eu une mauvaise nouvelle.

১১. কিছু শব্দের একবচন ও বহুবচন এই উভয় ব্যবহারই দেখা যায়

34. se rendre sans conditions/condition, agir sans précaution/sans précautions...

১০. বহুবচন করা হলে কিছু নামশব্দের অর্থ পাল্টে যায়

35. *un appât* pour attirer le poisson/*des appâts* sont les charmes d'une personne, d'un objets, d'un lieu ;

36. *une assise* pour construire un mur/*des assises* constituées des juges

37. *un ciseau* pour sculpter ou tailler des matière dures/*des ciseaux* pour couper le papier, les tissus.

38. *Le fond* d'une boîte, d'un lac, d'un ravin/*Le fonds* monétaire, le fonds de terre/Les fonds bancaires, un bailleur de fonds, une mise de fonds

39. *Une lunette* faite d'une seule pièce pour voir ce qui est loin/*Des lunettes* qu'on porte sur le nez pour mieux voir

40. *Une vacance* quand un poste n'est plus occupé par un employé/*Des vacances* qu'on prend pour se reposer.

41. *La moraille* du maréchal-ferrant ou du vétérinaire/*Les morailles* du verrier

এ ধরনের ক্ষেত্রে *sans appât*/Il n'y a pas d'appât এবং *sans appâts*/Il n'y a pas d'appâts এই দুই রূপই গ্রহণযোগ্য, কিন্তু দুই রূপের অর্থ আলাদা হবে।

আমরা উপরে না-বোধক বাক্যে নামশব্দের বহুবচন হবে কি হবে না তা নির্ধারণের যে কয়েকটি নিয়ম বা প্রবণতা দেখলাম সেগুলোকে দুই ভাগে ভাগ করা যেতে পারে: ১. আভিধানিক বা শব্দকোষগত (Lexical) এবং ২. প্রতিবেশ-নির্ভর (Context-sensitive)/অর্থনির্ভর। 'আভিধানিক' মানে হচ্ছে এই শব্দগুলো যে বহুবচন হবে বা এক বচন হবে তা ফরাসি শব্দকোষেই নির্ধারিত, কোন কোনটি শুধুই একবচন হয়, কোনটি শুধুই বহুবচন, ব্যাকরণের এখানে বিশেষ কিছু বলার নেই। প্রতিবেশ-নির্ভর বা অর্থনির্ভর ব্যবহারের ক্ষেত্রে প্রতিবেশ বা অর্থই নির্ধারণ করবে সংশ্লিষ্ট নামশব্দটি বহুবচন নাকি একবচন হবে।

ব্যাকরণের দৃষ্টিকোণ থেকে যদি দেখা হয় তবে না-বোধক নামশব্দে বহুবচন প্রত্যয় যুক্ত করার কোনো যুক্তিসঙ্গত কারণ নেই। কিন্তু এটাও মনে রাখতে হবে যে, ভাষার সব প্রবণতা বা নিয়ম ব্যাকরণের অন্তর্ভুক্ত নয়। কেন কিছু শব্দের শুধু বহুবচন রূপ হয় তার জানা-অজানা বহু কারণ থাকতে পারে। এর একটি কারণ হতে পারে এই যে, শব্দগুলো যে উৎস ভাষা (ল্যাটিন, গ্রীক বা অন্য কোন ভাষা) থেকে ফরাসি ভাষায় প্রবেশ করেছে সেই উৎস ভাষাতেও সেগুলো বহুবচন ছিল। এমনও হতে পারে যে এই শব্দগুলো অনুবাদ-ঋণ/ভাবানুবাদ এবং উৎসভাষার যে সব শব্দ থেকে এগুলো অনুবাদ করা হয়েছে সেই শব্দগুলো নিত্য বহুবচন ছিল। আবার এমনও হতে পারে যে ভাষা ব্যবহারকারীরা বহু যুগ ধরে কিছু কিছু না-বোধক বাক্যের নামশব্দে বহুবচনদ্যেতক প্রত্যয় যোগ করে আসছেন নিছকই ভুল করে এবং এই ভুল প্রয়োগটি চালু হয়ে গেছে। এ ধরনের ভাষাব্যবহারকে আর্ষ প্রয়োগ বা গণপ্রয়োগ বলা যেতে পারে। সব ভাষাতেই এ ধরনের নিয়ম রয়েছে, তবে এগুলো সংখ্যায় যত বেশি হয়, ভাষা ব্যবহার ততই জটিল হয়ে উঠে।

সহায়ক রচনা:

...

**অনুশীলনী-১**

(সমাধান ও ব্যাখ্যা সহ)

1. Je viens de contracter un crédit sans ~~intérêt~~/intérêts/  
কারণ on paie *des intérêts*.

2. Ces histoires sont sans intérêt/~~intéressants~~/  
আমরা বলি Rien d'intéressant/Il n'y a aucun intérêt.

3. Ma voisine est maintenant sans ~~ressource~~/ressources  
কারণ On a *des ressources*.

4. Berni n'a pas d'idée/idées  
কারণ দুটোই বলা হয় হ্যাঁ-বোধক বাক্যে

5. Je n'aime pas ce film! C'est une histoire sans ~~parole~~/paroles

কারণ Quand on parle on dit *des paroles*.

6. J'espère que vous avez fait un voyage sans incident/incidents

কারণ Les deux sont possibles dans la vie. Il peut y avoir un seul incident ou plusieurs incidents.

7. Je n'accepterai pas d'~~exeuse~~/excuses de votre part.

কারণ Dans ce contexte on dit *des excuses*.

8. Cette voiture est sans volants/~~volants~~

কারণ Une voiture a un seul volant.

9. Regarde cet enfant qui marche sans chaussure/chaussures

কারণ On marche avec *deux chaussures*.

10. Je vous reçois sans faire de ~~manière~~/manières

কারণ On fait *des manières*.

অনুশীলনী-২

উপরের অনুশীলনী অনুসরণ করে গ্রহণ-অযোগ্য অংশে দাগ দিন এবং এ অংশটুকু গ্রহণযোগ্য না হবার কারণ ব্যাখ্যা করুন

1. Des personnes sans ressource/sans ressources/sans aucunes ressources.

2. Il n'y aura aucun frais/aucuns frais pour les enfants.

3. Aucunes archives/aucune archive ne se trouvaient dans ce coffre.

4. Je ne prendrai aucunes vacances cette année.

5. Une trousse sans stylos.

6. Il n'y a pas de policiers autour du stade.

7. Je ne veux pas de gâteau d'anniversaire cette année.

8. Cet homme n'a pas de cheveux (pas de cheveu)

9. Ce voyageur n'a pas de bagage/bagages.

10. Je ne connais pas d'explication/explications.

11. Il n'y a pas de chevaux/cheval dans l'étable.

12. Il n'y a pas de chocolat /chocolats dans le frigo.

13. Elle n'a pas de chaussures/chaussure.

14. Ce film est sans intérêt/sans intérêt.

15. Marie n'a pas d'enfants/d'enfant.